

## 💵 নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

وجوب التشهد الأول، ومشروعية الدعاء فيه প্রথম তাশাহহুদ ওয়াজিব হওয়া ও এর ভিতর দুআ করা শরীয়ত সম্মত হওয়া প্রসঙ্গ

নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক দুরাকাআতে আত্তাহিয়াতু পড়তেন।[1] তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বসার পর প্রথমে যা বলতেন তা হল আত্তাহিয়াতু।[2]

প্রথম দু'রাকাতে যদি আত্তাহিয়াতু পড়তে ভুলে যেতেন তাহলে সাহু সাজদাহ দিতেন।[3]

নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তা পাঠ করার নির্দেশ দিতেন এ বলেঃ

إذا قعدتم في كل ركعتين فقولوا: التحيات بلخ ... وليتخير أحدكم من الدعاء أعجبه إليه، فليديع الله عزوجل (به) وفي لفظ: قولوا: في كل جلسة: التحيات وأمربه المسيء صلاته أيضا، كما تقدم آنفا

যখন তোমরা প্রত্যেক দুই রাকাআতের মাঝে বসবে তখন তোমরা বলবে আত্তাহিয়াতু ..... শেষ পর্যন্ত। অতঃপর তোমাদের যে কেউ তার পছন্দমত ইচ্ছাধীন দুআ নির্বাচন করে তার দ্বারা মহান আল্লাহর নিকট দু'আ করবে।[4] অন্য শব্দে রয়েছে তোমরা প্রত্যেক বৈঠকে আত্তাহিয়াতু বলবে।[5] এটা পাঠ করার জন্য নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছালাতে ক্রটিকারীকেও নির্দেশ দিয়েছিলেন, যেমনটি অনতিপূর্বে বর্ণিত হয়েছে।

وكان صلى الله عليه وسلم يعلم التشهد كما يعلمهم السورة من القرآن السنة إخفاؤه নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে (ছাহাবাদেরকে) এমনভাবে তাশাহহুদ শিক্ষা দিতেন। যেমনভাবে তিনি তাদেরকে কুরআন শিক্ষা দিতেন।[6] আর তাশাহহুদ গোপন স্বরে পড়া সুন্নত।[7]

## ফুটনোট

- [1] মুসলিম ও আবু আওয়ানাহ।
- [2] এ হাদীছটি বাইহাকী উত্তম সনদে 'আয়শা (রাযিয়াল্লাহু আনহা)-এর বরাতে বর্ণনা করেছেন, যেমনটি বলেছেন ইবনুল মুলকুকিন (২৮/২)।
- [3] বুখারী ও মুসলিম। এটি ইরওয়া গ্রন্থে উদ্ধৃত হয়েছে। (৩৩৮) সনদ ছহীহ।
- [4] নাসাঈ, আহমাদ, ত্বাবারানী তার কাবীর গ্রন্থে (৩/২৫/১) সনদ ছহীহ। আমার কথা এই যে, হাদীছের বাহ্যিক ভঙ্গি প্রত্যেক তাশাহহুদে দুআ পড়া শরীয়তসিদ্ধ হওয়ার প্রতি নির্দেশ করে- যদিও তার পরে সালাম না থাকে।



ইবনু হাযম (রহঃ)-এরও উক্তি তাই।

- [5] নাসাঈ ছহীহ সনদে।
- [6] বুখারী ও মুসলিম।
- [7] আবু দাউদ ও হাকিম এবং তিনি বর্ণনা করে ছহীহ আখ্যা দিয়েছেন, যাহাবী তার সমর্থন করেছেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8173

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন